গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ
doict.bhaluka.mymensingh.gov.bd

**উপজেলার আইসিটি কমিটির মে /২০২৬ মাসের মাসিক সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ ফিরোজ হোসেন<br>উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা আইসিটি কমিটি ভালুকা, ময়মনসিংহ। |
| সভার তারিখ | ০৩ মে ২০২৬ খ্রি. |
| সভার সময় | দুপুর ১২:৪৫ টায় |
| স্থান | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে মে/২০২৬ মাসের উপজেলার আইসিটি কমিটির সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সভার আলোচ্যসূচি অনুযায়ী সদস্য সচিব কে উপজেলার আইসিটি বিষয়ক কমিটির সভার কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ করেন। পরবর্তীতে, সদস্য সচিব উপজেলার আইসিটি বিষয়ক কমিটির মাসিক সভার কার্যক্রম উপস্থাপন করেন।

২. অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত বিষয়ে সিদ্ধান্ত/সুপারিশ গৃহীত হয়:

| ক্রম. নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২.১ | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদকরণ | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে সকল সরকারি অফিসের জাতীয় তথ্য বাতায়ন শতভাগ হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা হয়।<br><br>অতঃপর সভাপতি মহোদয় নাগরিক সেবায় জাতীয় তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদের জন্য স্ব স্ব দপ্তর হতে একজন ফোকাল পয়েন্ট ও একজন বিকল্প ফোকাল পয়েন্ট নির্ধারণ করে ওয়েব পোর্টাল হালনাগাদের দায়িত্ব প্রদান করতে হবে মর্মে সকল দপ্তর প্রধানগণকে নির্দেশনা প্রদান করেন। | ২.১ (ক) জাতীয় তথ্য বাতায়নে নিজ দপ্তরের ওয়েব পোর্টাল যথাযথভাবে নিয়মিত শতভাগ হালনাগাদ করতে হবে।<br><br>২.১ (খ) নাগরিক সেবায় জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদকরণের জন্য অফিস আদেশের মাধ্যমে স্ব স্ব দপ্তর হতে একজন ফোকাল পয়েন্ট ও একজন বিকল্প ফোকাল পয়েন্ট নির্ধারণ করে হালনাগাদের দায়িত্ব প্রদান করতে হবে। | দপ্তর প্রধান (সকল)<br><br>ইউপি চেয়ারম্যান/প্রশাসক (সকল)<br><br>উপজেলা আইসিটি অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ২.২ | ডি-নথি কার্যক্রম বাস্তবায়ন | উপজেলা পর্যায়ের যে সকল দপ্তরে ই-নথি/ডি-নথি চালু হয়েছে তাদের দপ্তরের সকল দাপ্তরিক পত্র যোগাযোগ ই-নথি/ডি-নথি ব্যাবহার করে করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। যে সকল দপ্তরে এখনো পর্যন্ত ডি-নথি চালু হয়নি, সেকল দপ্তরে দ্রুত ডি-নথি চালুর ব্যবস্থা করতে হবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম এর গত ২১ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ তারিখের স্মারক নং ৫৬.৮৩.০০০০.০০০.০১৩.৯৯.০০১৫.২২.১১০০২৮ এর মাধ্যমে উপজেলা পর্যাযে ডি-নথি ব্যবহারকারী সকল দপ্তরের কর্মকর্তা কর্মচারীদের বদলি, পদায়ন ও অবসর গ্রহণসহ বিভিন্ন কারণে ডি-নথি সিস্টেম থেকে রিলিজ ও এসাইনের দাযিত্ব তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের উপজেলা কার্যালযের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণকে প্রদান করা হযেছে। তাই উপজেলা পর্যায়ের দপ্তর এ কোন কর্মকর্তা-কর্মচারী যোগদান, বদলি ও অবসর গ্রহণ করলে তা উপজেলা আইসিটি অফিসারকে অবহিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>এছাড়া, ডি-নথি সিস্টেমে দাপ্তরিক কার্যক্রমের গতি আনয়নে প্রয়োজনে কর্মকর্তা/ কর্মচারীগণের জন্য স্ব স্ব দপ্তর ইনহাউজ প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ২.২ (ক) উপজেলা পর্যায়ের দপ্তর প্রধানগণ দাপ্তরিক চিঠিপত্র ডি-নথিতে উপস্থাপনের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br><br>২.২ (খ) ডি-নথি সিস্টেমে দাপ্তরিক কার্যক্রমের গতি আনয়নে প্রয়োজনে কর্মকর্তা/ কর্মচারীগণের জন্য স্ব স্ব দপ্তর ইনহাউজ প্রশিক্ষণের আয়োজন করতে হবে।<br><br>২.২ (গ) ডি-নথি সিস্টেমে কর্মকর্তাকে রিলিজ ও এসাইনের বিষয়ে যথাযথ প্রমাণকসহ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের উপজেলা কার্যালয়ে অবহিত করতে হবে। | দপ্তর প্রধান (সকল)<br><br>উপজেলা আইসিটি অফিসার |
| ২.৩ | শিক্ষায় আইসিটির ব্যবহার বৃদ্ধি সংক্রান্ত | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের প্রকল্পের মাধ্যমে ভালুকা উপজেলার ০১টি প্রতিষ্ঠানে আইসিটিডি স্কুল অব ফিউচারসহ ৩১টি প্রতিষ্ঠানে আইসিটিডি ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের প্রকল্পের মাধ্যমে ১৭টি প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম ও ০৮টি প্রতিষ্ঠানে আইসিটি ল্যাব এবং ০১ টি প্রতিষ্ঠানে আইএলসি ল্যাব স্থাপন করা হয়েছে। এছাড়া এই উপজেলায় ০১টি কারগরি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। ০১টি শিক্ষা প্রতিষ্ঠানে আইওটি বেসিকস ট্রেড চালু রয়েছে। কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, আইসিটিডি ডিজিটাল ল্যাব, আইসিটিডি স্কুল অব ফিউচার, রোবটিক্স কর্নার, আইএলসি ল্যাব, অন্যান্য কম্পিটার ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাসরুম নিয়মিত পরিদর্শন করার মাধ্যমে শিক্ষায় আইসিটির ব্যবহার বৃদ্ধি জোরধার করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ২.৩ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, আইসিটিডি ডিজিটাল ল্যাব, আইসিটিডি স্কুল অব ফিউচার, রোবটিক্স কর্নার, আইএলসি ল্যাব, অন্যান্য কম্পিটার ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাসরুম নিয়মিত পরিদর্শন করার মাধ্যমে শিক্ষায় আইসিটির ব্যবহার বৃদ্ধি করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>ও<br>উপজেলা আইসিটি অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | জাতীয় হাই স্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০২৬ | জাতীয় হাই স্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০২৬ (দেশের হাই স্কুল শিক্ষার্থীদের জন্য সবচেয়ে বড় প্রোগ্রামিং প্রতিযোগিতা) (প্রোগ্রামিং/কুইজ) অংশগ্রহণ করার জন্য গত ২৯ এপ্রিল ২০২৬ তারিখ শহীদ নাজিম উদ্দিন উচ্চ বিদ্যালয় ও কলেজ (স্কুল অব ফিউচার) -এ ময়মনসিংহের ভালুকা উপজেলার ১৯টি শিক্ষাপ্রতিষ্ঠানের ২০৭ জন ছাত্র-ছাত্রী ও ৬ জন প্রতিষ্ঠান প্রধান এবং ২৭ জন আইসিটি শিক্ষকসহ ৫ জন ল্যাব এসিস্টেন্টসহ মোট ২৪৫ জন এঁর অংশগ্রহণে জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা-২০২৬ এক্টিভেশন ক্যাম্পেইন সফলভাবে সম্পন্ন হয়েছে। উক্ত ক্যাম্পেইনে প্রধান অতিথী হিসেবে জনাব মোঃ ফিরোজ হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ মহোদয় উপস্থিত ছিলেন। ময়মনসিংহ বিভাগের আঞ্চলিক প্রতিযোগিতার ভেন্যু জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়। সকল আঞ্চলিক ভেন্যুসমূহের বিজয়ী শিক্ষার্থীদের নিয়ে আয়োজিত হবে জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০২৬ এর মূল পর্ব। (সম্ভাব্য ভেন্যু: কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ (কেআইবি), খামারবাড়ি, ঢাকা)। আঞ্চলিক ও জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে ইচ্ছুক, পাশাপাশি ত্রিশাল উপজেলায় অবস্থিত জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে গিয়ে আঞ্চলিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে এমন ছাত্রছাত্রী নির্বাচন/ তালিকা করতে হবে। ছাত্র-ছাত্রী নির্বাচন করার ক্ষেত্রে কম্পিউটারে দক্ষ এবং প্রোগ্রামিং করতে পারে এমন ছাত্র-ছাত্রীদেরকে বাছাই করে ক্যাটাগরী অনুযায়ী নিবন্ধন করে ছাত্র-ছাত্রীদেরকে ভালোভাবে প্রস্তুত করতে হবে। | জাতীয় হাই স্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০২৬ এ অংশগ্রহণ করতে পারবে এমন ছাত্র-ছাত্রী নির্বাচন করে তাঁদেরকে ভালোভাবে প্রস্তুত করতে হবে। | প্রতিষ্ঠান প্রধানগণ (ষষ্ঠ থেকে এইচএসসি/ দাখিল থেকে আলিম) ও উপজেলা আইসিটি অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ২.৫ | বিবিধ | **২.৫ (ক-খ) 'উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র':**<br><br>২.৫ (ক) সভায় উপজেলা আইসিটি অফিসার জানান যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের আওতায় ময়মনসিংহের ভালুকা উপজেলায় 'উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্রের' নির্মাণ কাজ শেষ পর্যায় রয়েছে।<br><br>সভাপতি মহোদয় ইডিসি প্রকল্পের নির্দেশনা মোতাবেক উক্ত 'উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র' সমাপ্ত নির্মানকাজের পূর্ত, ইলেক্ট্রিক্যাল, অন-গ্রীড সোলার সিস্টেম এর চেক লিস্ট অনুযায়ী দ্রুত তথ্যসমূহ উপজেলা আইসিটি অফিসারকে চেকলিস্টসমূহ প্রদান করার জন্য উপজেলা প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া, যে সকল কাজ এখনো সমাপ্ত হয়নি তা প্রকল্পের নির্দেশনা অনুযায়ী দ্রুতম সময়ে সম্পন্ন করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করেন।<br><br>২.৫ (খ) ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্পের আওতায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর মাধ্যমে নির্মিত "উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র" এলজিইডি থেকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক গ্রহণ করার লক্ষ্যে গঠিত ইডিসি প্রকল্পের "উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র" বুঝে নেয়ার কমিটিকে সকল কাজ যথাযথভাবে নিয়ম অনুযায়ী হয়েছে কিনা তা যাচাই করে দেখার জন্য নির্দেশনা প্রদান করেন। | ২.৫ (ক) ইডিসি প্রকল্পের নির্দেশনা মোতাবেক উক্ত 'উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র' এর সমাপ্ত নির্মানকাজের পূর্ত, ইলেক্ট্রিক্যাল, অন-গ্রীড সোলার সিস্টেম এর চেক লিস্ট অনুযায়ী দ্রুত তথ্যসমূহ উপজেলা আইসিটি অফিসে প্রদান করতে হবে।<br><br>২.৫ (খ) "উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র" এলজিইডি থেকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বুঝে নেয়ার জন্য প্রকল্পের কমিটি'র প্রজ্ঞাপন অনুযায়ী কমিটি গঠন করে কার্যক্রম গ্রহণ করতে হবে। | ২.৫<br>উপজেলা প্রকৌশলী<br><br>ও<br><br>"উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র" বুঝে নেয়ার জন্য গঠিত কমিটি |

০৩। অতঃপর, সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০১-০৬-২০২৬
মোঃ ফিরোজ হোসেন
উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা
আইসিটি কমিটি ভালুকা, ময়মনসিংহ।

**নম্বর:** ৫৬.০৪.৬১১৩.০০০.০০১.০৬.০০০১.১৯.২৬

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০১ জুন ২০২৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ।
২। উপপরিচালক, প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৩। জেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ময়মনসিংহ।
৪। সহকারী কমিশনার (ভূমি), উপজেলা ভূমি অফিস, ভালুকা, ময়মনসিংহ।
৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভালুকা,ময়মনসিংহ।

৬। অধ্যক্ষ, ভালুকা সরকারি কলেজ, ভালুকা, ময়মনসিংহ।
৭। অফিসার ইনচার্জ, ভালুকা মডেল থানা।
৮। উপজেলা কৃষি অফিসার, উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ।
৯। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ।
১০। উপজেলা প্রকৌশলী, উপজেলা প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, ভালুকা, ময়মনসিংহ।
১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, ভালুকা,ময়মনসিংহ।
১২। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিস, ভালুকা, ময়মনসিংহ।
১৩। উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয়,ভালুকা,ময়মনসিংহ।
১৪। অধ্যক্ষ, এ্যাপোলো ইন্সিটিউট অফ কম্পিউটার, ভালুকা, ময়মনসিংহ।
১৫। প্রধান শিক্ষক, ভালুকা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ভালুকা, ময়মনসিংহ।
১৬। প্রধান শিক্ষক, ভালুকা পাইলট উচ্চ বিদ্যালয়, ভালুকা, ময়মনসিংহ।
১৭। উপ-সহকারী প্রকৌশলী, উপজেলা বিটিসিএল অফিস, ভালুকা, ময়মনসিংহ।

০১-০৬-২০২৬
ইয়াসমিন আক্তার
উপজেলা আইসিটি অফিসার ও সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি, ভালুকা, ময়মনসিংহ